# তেহরানে ইসরায়েলবিরোধী জনস্রোত, জুমার পর রাজপথে হাজারো মুসল্লী



তেহরানের রাস্তায় জুমার নামাজের পর বিক্ষোভ : সংগৃহীত ছবি

ইরানের রাজধানী তেহরানসহ পারমাণবিক স্থাপনার ওপর ইসরায়েলি হামলার প্রতিবাদে আজ জুমার নামাজের পর হাজারো মুসল্লী বিক্ষোভে অংশ নেন। শহরের কেন্দ্রীয় জামে মসজিদ ও আশপাশের এলাকায় এই বিক্ষোভ ছড়িয়ে পড়ে। হাজার হাজার মানুষ রাস্তায় নেমে এই হামলার প্রতিবাদ জানান।

আজ শুক্রবার (২০ জুন) তেহরানের উপর হামলার প্রতিবাদে বিক্ষুব্ধ মুসল্লীরা 'ইসরায়েলের বিরুদ্ধে প্রতিশোধ চাই', 'তেহরান রক্তে রাঙানো চলবে না', 'গাজা-তেহরান একসাথে'—এই ধরনের স্লোগান দিতে দিতে রাস্তায় নেমে আসেন। অনেকে ইসরায়েলি পতাকা পুড়িয়ে প্রতীকী প্রতিবাদ জানান।

ইরানি রাষ্ট্রীয় গণমাধ্যমের বরাতে জানা যায়, ইসরায়েলের এই হামলায় তেহরানের হাসপাতাল ও পারমাণবিক স্থাপনা গুলোতে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে।এটি ইরানের সার্বভৌমত্বের ওপর সরাসরি আঘাত হিসেবে বিবেচনা করা হচ্ছে। জুমার খুতবায় শীর্ষ আলেমরা এ হামলার তীব্র নিন্দা জানিয়ে বলেন, "ইরানের ভূমিতে আঘাত মানে পুরো মুসলিম উম্মাহকে চ্যালেঞ্জ ছুঁড়ে দেওয়া।"

বিক্ষোভে অংশ নেওয়া এক মুসল্লী জানান, "তেহরানের মাটিতে বোমা পড়েছে, আমরা নিশ্চুপ থাকবো না। এটা শুধু ইরানের বিষয় নয়, সব মুসলমানের অস্তিত্বের প্রশ্ন।"

LENS ASIA